গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-১১,
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

**স্মারক নম্বর:** ৫৭.০৩.০০০০.০০০.০২৮.১১.০০০৫.২৬.৩৮

তারিখ: ২৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: নিয়োগ-বাছাই কমিটিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং-৫৭.১৭.০০০০.৪০৩.১১.০৭৫.২৫.১৬৭৯/২৪৪৬ তাং-০২/১১/২০২৫খ্রি. মূলে অধ্যক্ষ, গাঁওকান্দিয়া কারিগরি স্কুল এন্ড কলেজ, দূর্গাপুর, নেত্রকোণা এর আবেদনের পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠানটিতে এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর, ২০২০ পর্যন্ত সংশোধিত) অনুযায়ী অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে ০১ জন কর্মচারী নিয়োগের লক্ষ্যে গঠিত নিয়োগ-বাছাই কমিটিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি হিসেবে জনাব এ, কে, এম, আলাউদ্দিন, আঞ্চলিক পরিদর্শক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা -কে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো।

উল্লেখ্য গত ০৩/১০/২০২৫খ্রি. তারিখে দৈনিক এশিয়া বাণী এবং ০৫/১০/২০২৫খ্রি. তারিখে দৈনিক ইকরা প্রতিদিন নামক দুটি পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। পত্রিকা অনুযায়ী আগামী ০৪/০৪/২০২৬ খ্রি. তারিখ বিজ্ঞপ্তি প্রকাশের মেয়াদকাল ০৬ মাস পূর্ণ হবে।

০২। মনোনীত কর্মকর্তা সংশ্লিষ্ট নিয়োগ বাছাই-এর ক্ষেত্রে নিম্নে বর্ণিত সরকারী বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করবেন।
ক. নিয়োগের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় হতে জারিকৃত জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ (২৩ নভেম্বর, ২০২০ পর্যন্ত সংশোধিত) এতদসংক্রান্ত পরিপত্র, প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য বিধানাবলী অনুসরণ করতে হবে।
খ. বাছাই পরীক্ষার উপর নির্ধারিত ছকে প্রতিবেদন তৈরী পূর্বক এ শাখায় প্রেরণ করবেন।
০৩। মহাপরিচালক মহোদয়ের মনোনীত প্রতিনিধির কার্যকালের মেয়াদ বাকাশিবো কর্তৃক গঠিত কমিটির মেয়াদ অথবা সর্বশেষ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ৬ মাস যেটি আগে শেষ হবে-সে পর্যন্ত বলবৎ থাকবে।
০৪। শ্রেণী/শাখা/বিষয় খোলার ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে কোনভাবেই এমপিও ভুক্তি করা যাবে না।
০৫। এমপিওভুক্তির প্রস্তাব প্রেরণের সময় নির্বাচনী পরীক্ষার ফলাফলের মূলকপি, ডিজি মহোদয়ের প্রতিনিধি মনোনয়নের অফিস আদেশের কপি প্রেরণ করতে হবে।
০৬। শিক্ষা মন্ত্রণালয় স্মারক নং-শিম/শা:১৩/এমপিও/৩০-৭/২০০৯/১৯৬, তারিখ: ০৭-০৮-২০১২ইং মোতাবেক জারিকৃত এমপিও সংক্রান্ত প্রজ্ঞাপন অনুযায়ী অনুচ্ছেদ-৪ এর গ-অনুচ্ছেদ (৩) মোতাবেক সর্বশেষ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ০৬ (ছয়) মাসের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। অন্যথায় গৃহীত নিয়োগ কার্যক্রম বাতিল হয়ে যাবে।
০৭। নিয়োগ কমিটিতে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধির অন্তর্ভুক্তি শিক্ষক/কর্মচারীর এমপিও ভুক্তির নিশ্চয়তা প্রদান করে না। এমপিও নীতিমালায় উল্লেখিত সকল শর্ত পূরণ হলেই কেবলমাত্র তারা এমপিওভুক্ত হওয়ার জন্য বিবেচিত হতে পারেন।
০৮। নিয়োগ প্রদানের ১ (এক) মাসের মধ্যে টেবুলেশন শীট, নিয়োগ-বাছাই কমিটির রেজুলেশন এর সত্যায়িত কপি অত্র দপ্তরের এমপিও শাখায় জমা দিতে হবে।
০৯। স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৮.৯৯.০০১.২১-৮৬, তারিখ: ৩০/০১/২০২৫ খ্রি. অনুযায়ী নির্দেশিকা অনুসরণ করে কার্যক্রম সম্পন্ন করতে হবে।
১০। অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন, ভূয়া/জাল কাগজপত্র দাখিল, প্রাপ্যতা না থাকা স্বত্বেও আবেদন প্রেরণ সহ জাতীয় পরিচয় পত্র ও একাডেমিক সনদ মোতাবেক তথ্যের গড়মিল পরিলক্ষিত হলে নিয়োগপ্রাপ্ত হলেও তার নিয়োগ বিধি সম্মত নয় মর্মে বিবেচিত হবে এবং প্রতিষ্ঠান প্রধান/সদস্য সচিব তার সকল দায়ভার বহন করবেন।
১১। এ নিয়োগ পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানেই অনুষ্ঠিত হতে হবে।

**সংযুক্তিঃ**
(১) তালিকা

০৮-০২-২০২৬
মোহাম্মদ সাইফুল হক খান
সহকারী পরিচালক (এমপিও)

অধ্যক্ষ, গাঁওকান্দিয়া কারিগরি স্কুল এন্ড কলেজ, দূর্গাপুর, নেত্রকোণা ।।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০২৮.১১.০০০৫.২৬.৩৮/১ (৭)

তারিখ: ২৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিদর্শক, পরিদর্শকের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
২। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।।
৩। সভাপতি, গাঁওকান্দিয়া কারিগরি স্কুল এন্ড কলেজ, দূর্গাপুর, নেত্রকোণা ।।
৪। জনাব, এ, কে, এম আলাউদ্দিন, আঞ্চলিক পরিদর্শক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল) (ভারপ্রাপ্ত), আইসিটি সেল , কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং
৭। সংরক্ষণ নথি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।।

০৮-০২-২০২৬
মোহাম্মদ সাইফুল হক খান
সহকারী পরিচালক (এমপিও)

অধ্যক্ষ/সচিবের কার্যালয়

# গাঁওকান্দিয়া কারিগরি স্কুল এন্ড কলেজ

দুর্গাপুর দক্ষিণ পাড়া, দুর্গাপুর, নেত্রকোণা।


প্রতিষ্ঠান কোড : ৫৮০৭৫

স্থাপিত : ২০১৩ খ্রি.

প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোঃ আব্দুল খালেক (মাস্টার)

EIIN No: 138038

মোবাইল : ০১৭১৮-৫৯৪২৩৪


স্মারক নং- গাঁকাস্কুক/

তারিখ : ..............................

অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে নিয়োগের লক্ষ্যে প্রাপ্ত বৈধ আবেদন কারীদের তালিকা ঃ-

| নং | প্রার্থীর নাম | জন্ম তারিখ<br>বয়স | শিক্ষাগত যোগ্যতা | পাশের সন | বিভাগ | জিপিএ/পাশের বিভাগ | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | লিমন দেবনাথ<br>পিতাঃ স্বপন দেবনাথ | ২৫/০৩/১৯৯৫ইং<br>৩০ বছর ০৫ মাস ০৮ দিন। | এস.এস.সি<br>এইচ.এস.সি<br>বেসিক কোর্স | ২০১০<br>২০১২<br>২০১৩ | মানবিক<br>মানবিক<br>কম্পিউটার অফিস এপ্লিকেশন | ২.৫০<br>৩.১০<br>৫.০০ | ঢাকা<br>ঢাকা<br>বাকাশিবো |
| ০২ | মোঃ কাউছার আহমেদ<br>মোঃ আক্রম আলী | ২৩/০৮/১৯৯৫ইং<br>৩০ বছর ০২ মাস ১০ দিন। | এস.এস.সি<br>এইচ.এস.সি | ২০১০<br>২০১৯ | ব্যবসায় শিক্ষা<br>কম্পিউটার অপারেশন | ৪.৫৪<br>৪.৭১ | ঢাকা<br>বাকাশিবো |
| ০৩ | ফাতেমা<br>পিতাঃ আব্দুল বারী | ১৫/১১/১৯৯৩ইং<br>৩১ বছর ১০ মাস ১৮ দিন | দাখিল<br>আলিম<br>বেসিক কোর্স | ২০০৮<br>২০১০<br>২০১৯ | জেনারেল<br>জেনারেল<br>কম্পিউটার অফিস এপ্লিকেশন | ৪.৪৪<br>৪.২৫<br>৫.০০ | মাদ্রাসা<br>মাদ্রাসা<br>বাকাশিবো |
| ০৪ | লিজন দেবনাথ<br>পিতাঃ স্বপন দেবনাথ | ১৪/০৮/১৯৯৯ইং<br>২৬ বছর ০১ মাস ১৯ দিন. | এস.এস.সি<br>এইচ.এস.সি<br>বেসিক কোর্স | ২০১৪<br>২০১৬<br>২০১৭ | ব্যবসায় শিক্ষা<br>ব্যবসায় শিক্ষা<br>কম্পিউটার অফিস এপ্লিকেশন | ৩.৫০<br>৩.৬৭<br>৫.০০ | ঢাকা<br>ঢাকা<br>বাকাশিবো |

০২/১১/২৫
মোঃ আব্দুল খালেক
সভাপতি
ব্যবস্থাপনা কমিটি
গাঁওকান্দিয়া কারিগরি স্কুল এন্ড কলেজ
দুর্গাপুর, নেত্রকোণা।

২/১১/২৫.
সেলিম আহাম্মদ
অধ্যক্ষ
গাঁওকান্দিয়া কারিগরি স্কুল এণ্ড কলেজ
দুর্গাপুর, নেত্রকোনা।

CS CamScanner